দৈনিক জনকণ্ঠ

JUN 22 2002

তারিখ ...
পৃষ্ঠা ... ৪ কলাম ... ৪

# শীঘ্রই ঢাবি উপাচার্য উপ-উপাচার্য নিয়োগ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ আগামী কয়েকদিনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরবর্তী উপাচার্য ও উপ-উপাচার্য নিয়োগ করা হচ্ছে। এ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে ব্যাপক গুঞ্জন ও সরকারী মহলে জোর লবিং শুরু হয়েছে। ইতোমধ্যে উপাচার্য প্যানেলও মনোনীত করা হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে তিন সদস্যের এই প্যানেল মনোনীত করা হয়। বিএনপি ও জামায়াত সমর্থিত "সাদা" দলের তিনজন শিক্ষক বিনা প্রতিদ্বন্দ্বিতায় উপাচার্য প্যানেলের জন্য মনোনীত হন। উপাচার্য প্যানেলে মনোনীত তিনজন শিক্ষক হলেন বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী, সামাজিক অনুষদের ডিন অধ্যাপক আসাদুজ্জামান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আ.ফ.ম ইউসুফ হায়দার। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৩ সালের অধ্যাদেশের ১১(১) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এই তিনজনের মধ্যে থেকে একজনকে পরবর্তী চার বছরের জন্য উপাচার্য হিসাবে নিয়োগ দেবেন। আগামী কয়েকদিনের মধ্যেই আনুষ্ঠানিকভাবে উপাচার্য নিয়োগ করা হবে বলে জানা গেছে। তিনজনের মধ্যে কে হচ্ছেন পরবর্তী উপাচার্য এটিই এখন ক্যাম্পাসের আলোচ্য বিষয়। এ নিয়ে শিক্ষকদের মধ্যে ব্যাপক গুঞ্জন এবং সরকারী মহলে জোর লবিং শুরু হয়েছে। তবে একাধিক সূত্রে জানা গেছে বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীই পুনরায় উপাচার্য হচ্ছেন। কেবল বিতর্ক এড়ানোর জন্য উপাচার্য প্যানেল মনোনীত করা হয়েছে। জোট সরকার ক্ষমতায় আসার পর ১২ নবেম্বর অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসাবে নিয়োগ করা হয়। এ সময় সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীকে ১৮৯৭ সালের জেনারেল ক্লজেস এ্যাক্ট অনুযায়ী অপসারণ করা হয়। ব্রিটিশ আমলের আইনে আজাদ চৌধুরীকে অপসারণ করায় নানা বিতর্কের সৃষ্টি হয়। পরবর্তীতে বিতর্ক এড়ানোর জন্য জোট সরকার বিশ্ববিদ্যালয় প্রশাসনকে উপাচার্য প্যানেল নির্বাচনের পরামর্শ দেয়। এই পরামর্শ অনুযায়ীই উপাচার্য প্যানেল মনোনীত করা হয়।

এদিকে সাবেক উপ-উপাচার্য অধ্যাপক জেড এন তাহমিদা বেগম গত ৯ মে থেকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের (পিএসসি) চেয়ারম্যান হিসাবে নিয়োগ পাওয়ার পর থেকে উপ-উপাচার্যের পদটি শূন্য হয়ে পড়ে। সূত্র মতে জানা গেছে, উপাচার্য নিয়োগের সঙ্গে উপ-উপাচার্যের পদেও নিয়োগ দেয়া হবে। উপ-উপাচার্য পদ নিয়েও জল্পনা কল্পনা চলছে। জানা গেছে, উপাচার্য প্যানেলে মনোনীত তিনজন শিক্ষকের মধ্যে যে কোন একজনকে উপ-উপাচার্য হিসাবে নিয়োগ করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের "সাদা" দলের একজন শিক্ষক নেতা বলেছেন, অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীই উপাচার্য হচ্ছেন। বাকি দুইজনের মধ্য থেকে একজন উপ-উপাচার্য হবেন। তবে উপ-উপাচার্য হিসাবে রোকেয়া হলের প্রভোস্ট অধ্যাপক তাজমেরী এসএ ইসলামের নামও শোনা যাচ্ছে।